দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 25 JUN 1989 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ৫ ...

24 JUN 1989

দৈনিক ইত্তেফাক ৩

# আধুনিক জ্ঞান ও প্রযুক্তি সকলের নিকট সহজলভ্য করুন

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম আধুনিক জ্ঞান ও প্রযুক্তি সকলের কাছে সহজলভ্য করার জন্য বে-সরকারী উদ্যোক্তা, গবেষক এবং সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাইয়াছেন।

মন্ত্রী গত বৃহস্পতিবার সকালে আজিমপুরে কম্পিউটার লাইন পরিচালিত কম্পিউটার কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য

(৫ম পৃঃ দ্রঃ)

## আধুনিক জ্ঞান ও প্রযুক্তি

(৫ম পৃঃ পর)

বিভাগের ডীন ডঃ হাবিবুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বক্তৃতা করেন সংসদ সদস্য আলহাজ্ব আনোয়ার হোসেন।

শিক্ষামন্ত্রী বলেন, গবেষণালব্ধ জ্ঞান এবং উদ্ভাবিত প্রযুক্তিকে আলমারীর মধ্যে সীমাবদ্ধ না রাখিয়া এগুলিকে মাঠ পর্যায়ে ছড়াইয়া দিতে হইবে। তিনি এ লক্ষ্যে ব্যবহারকারী এবং গবেষকদের মধ্যে সেতুবন্ধ রচনা করার আহ্বান জানান।

শিক্ষামন্ত্রী বলেন, আধুনিক প্রযুক্তির প্রয়োগ বেকারত্ব বৃদ্ধি করে না। বরং কায়িক শ্রম হ্রাস করে। তিনি বলেন, কাজের গতিকে দ্রুততর করার জন্য এবং আধুনিক বিশ্বের সাথে তাল মিলানোর জন্য আমাদের দেশে কম্পিউটার প্রশিক্ষণকে জোরদার করিতে হইবে।

দুই মাসব্যাপী এই কোর্সে ৩২ জন শিক্ষার্থী অংশ গ্রহণ করিতেছেন। —তথ্য বিবরণী।